



নুসরাত তাবাসসুমের মনোনয়ন গ্রহণে ইসিকে হাইকোর্টের নির্দেশ



জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেত্রী নুসরাত তাবাসসুম। ছবি : সংগৃহীত

(এনসিপি) নেত্রী নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র গ্রহণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

সোমবার (২৭ এপ্রিল) বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সম্মুখে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে নুসরাত তাবাসসুমের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ হোসেন লিপু, অ্যাডভোকেট মো. মনিরুজ্জামান ও অ্যাডভোকেট জহিরুল ইসলাম মুসা। এর আগে মনোনয়ন বাতিলের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে তিনি হাইকোর্টে রিট করেন এবং প্রার্থিতা পুনর্বহালের আবেদন জানান।

নির্বাচন কমিশন গত ২২ এপ্রিল জানায়, নির্ধারিত সময়সীমা অতিক্রম করে মনোনয়ন জমা দেওয়ায় তার প্রার্থিতা বাতিল করা হয়। একই কারণে এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনের মনোনয়নও স্থগিত করা হয়। ইসি সূত্রে জানা যায়, ওই দিন বিকেল ৪টা ছিল মনোনয়ন জমা দেওয়ার শেষ সময়, তবে নুসরাত তাবাসসুম জমা দেন বিকেল ৪টা ১৯ মিনিটে। সময়সীমা অতিক্রম করায় কমিশন তার মনোনয়ন বাতিল করে।